125

05 AUG 1997
তারিখ ............
পৃষ্ঠা: ১ .. কলাম ৪ ......

দৈনিক সংবাদ

### ইডেন কলেজ ঃ পরিস্থিতি শান্ত নয়

# ছাত্রদল কর্মীরা হল ছাড়েনি শো'কজেরও জবাব দেয়নি অভিভাবকদের সাড়া নেই

(নিজস্ব বার্তা পরিবেশক)

ইডেন মহিলা কলেজে ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হলেও যেকোন সময় ছাত্রদল ও ছাত্রলীগের কর্মীদের মধ্যে সংঘর্ষ বেঁধে যেতে পারে। কলেজ ক্যাম্পাসে সার্বক্ষণিকভাবে পুলিশ মোতায়েন করা হয়েছে। ছাত্রদলের অনেক কর্মী এখনো হল ত্যাগ করেনি।

ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষা আখতার বানু জানান, গত ১৯শে জুলাই ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মীদের মধ্যে সংঘর্ষের পর ২৪শে জুলাই ছাত্রীদের হল খালি করার নির্দেশ দেয়া হয়। ছাত্রলীগসহ সাধারণ ছাত্রীরা হল ত্যাগ করলেও ছাত্রদল এখন পর্যন্ত হল ত্যাগ করেনি।

ছাত্রদলের নেত্রী, কলেজ ছাত্রী সংসদের ভিপি হেলেন জেরিন খানের নেতৃত্বে ১৫/২০ জন ছাত্রী পুরাতন হলে অবস্থান করছে। তাদের বারবার হল ত্যাগ করার নির্দেশ দেয়ার পরও তারা হল ত্যাগ করেনি। এমনকি কলেজ কর্তৃপক্ষ তাদের শোকজ করলে তারা কোন জবাব না দিয়ে হলে অবস্থান করছে।

যেসব ছাত্রী হেলেন জেরিন খানের নেতৃত্বে হলে অবস্থান করছে তাদের অভিভাবকের কাছে হল ত্যাগ করার ব্যাপারে চিঠি দিয়ে জানানো হয়েছে। কিন্তু অভিভাবকদের কাছ থেকে এ ব্যাপারে কোন উত্তর পাওয়া যাচ্ছে না বলে কলেজ অধ্যক্ষা জানান।

তিনি বলেন, কলেজের সার্বক্ষণিক পরিস্থিতি শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করা

ইডেন ঃ -পৃঃ ১১ কঃ ৬

### ইডেন ঃ কলেজ পরিস্থিতি

( ১ম পৃষ্ঠার পর )

হচ্ছে।

নাম প্রকাশে অনিচ্ছুক ইডেন কলেজের একজন ছাত্রী জানায়, ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সংঘর্ষের পর একে অপরের বিরুদ্ধে মামলা দায়ের করে। মামলায় দু'পক্ষের নেত্রীদের আসামি করা হয়েছে। এ ব্যাপারে ছাত্রদলের দাবি হলো ছাত্রলীগ যদি তাদের মামলা প্রত্যাহার করে নেয় তবেই ছাত্রদল হল ত্যাগ করবে।"

এ ব্যাপারে অধ্যক্ষ জানান, সে দিনের ঘটনা দু'টি রাজনৈতিক ছাত্র সংগঠনের ব্যাপার। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের কিছুই করার নেই। তবে কলেজে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য কলেজ কর্তৃপক্ষ দু'দলের মধ্যে সমঝোতার চেষ্টা করেছে, কিন্তু কোন লাভ হয়নি। দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের পর ইডেন [illegible] সাধারণ ছাত্রীরা ক্ষুব্ধ।

অনার্স তৃতীয় বর্ষের ছাত্রী রত্না জানায়, ইডেন কলেজে আমরা লেখাপড়া করার জন্য এসেছি। এখানে কোন রাজনীতি বা দলাদলি করার জন্য আসিনি। আমরা রাজনীতিমুক্ত শিক্ষার পরিবেশ চাই।

অনার্স ২য় বর্ষের ছাত্রী পারভিন শাহানাজ ছন্দা জানায়, শান্তিপূর্ণ পরিবেশে লেখাপড়া করার জন্যই আমি এখানে ভর্তি হয়েছি। এমনকি আমার মত আরো অনেক সাধারণ ছাত্রীই ভাল একটা পরিবেশের আশায় এখানে ভর্তি হয়েছে। আমরা রাজনীতি নিয়ে চুলাচুলি বা মারামারি করার জন্য আসিনি।